

২২/১/০৭

ঢাবিতে ধর্মঘট স্থগিত

ছাত্র সংগ্রাম পরিষদের সংবাদ সম্মেলন

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্র সংগ্রাম পরিষদের ডাকা লাগাতার ধর্মঘট স্থগিত করা হয়েছে। গতকাল (রোববার) সংবাদ সম্মেলনের মাধ্যমে এ ধর্মঘট স্থগিত করা হয়। গত ১৯ নভেম্বর ছাত্রদের হামলার প্রতিবাদে এবং জিসি ও প্রক্টরের পদত্যাগের দাবিতে সংগ্রাম পরিষদ এ ধর্মঘটের ডাক দেয়। বিশ্ববিদ্যালয় খোলার দ্বিতীয় দিনে গতকাল বিভিন্ন বিভাগের ক্লাসস্থ পিকা কার্যক্রম পুরোদমে শুরু হয়েছে। এদিকে জরুরী অবস্থার মধ্যে ছাত্র সংগ্রাম পরিষদের সংবাদ সম্মেলনকে কেন্দ্র করে ক্যাম্পাসে মিশ্র প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছে।

কেন্দ্র পৌনে ১২টার ডাকসু ভবনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে ছাত্র সংগ্রাম পরিষদ লাগাতার ধর্মঘট প্রত্যাহার করে। ছাত্রলীগের সাধারণ সম্পাদক মাহফুজুল হকদার মৌখিক স্টেটমেন্টের সভাপতিত্বে সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন ছাত্রলীগের সভাপতি মাহফুজ হাসান রিপন। এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন জাসদ ছাত্রলীগের সভাপতি পরিফুল কবির স্বপন, ছাত্র মৈত্রীর সভাপতি রফিকুল ইসলাম সুপ্রভ, ছাত্র আন্দোলনের কনক বড়ুয়া, ছাত্র সমিতির মোস্তাক আহমেদ, জাসদ ছাত্রলীগের সাধারণ সম্পাদক আলী হাসান উলুপ, ছাত্র ধারার জাকির রহমান শিকুল, বাগ্মনিত্য বসু, ছাত্রলীগের ঢাবি শাখার সভাপতি শেখ মোহাম্মদ রানা টিপু, সাধারণ সম্পাদক সাহাদত সাকিব বাদশা প্রমুখ। লিখিত বক্তব্যে ছাত্রলীগ সভাপতি বলেন, তত্ত্বাবধায়ক সরকারের ক্ষমতা গ্রহণের পর থেকে বিগত সরকারের ছাত্র সংগঠনগুলো ঢাকা বিশ্ববিদ্যালয়সহ দেশের প্রায় সবগুলো ক্যাম্পাসে বহিরাগত ক্যাডারদের নিয়ে ছাত্র সংগ্রাম পরিষদের উপর চড়াও হয়। কিন্তু



ইনকিলাব : ঢাকা বিশ্ববিদ্যালয় ডাকসু ভবনে গতকাল ছাত্র সংগ্রাম পরিষদের সংবাদ সম্মেলনে ছাত্র নেতৃবৃন্দ

বিশ্ববিদ্যালয় প্রশাসন আবাসিক হল ও ক্যাম্পাসে সর্বত্র ছাত্র সংগঠনগুলোর পাণ্ডিপূর্ণ সহাবস্থান নিশ্চিত না করে বরং সন্ত্রাসীদেরই আশ্রয়-প্রশ্রয় দিয়েছে। সর্বশেষ গত ১৯ নভেম্বর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের ডাকে আমরা ক্যাম্পাসে গেলেও আলোচনা শেষে কেঁরিয়ে আসার সময় আমাদের উপর তলী ও বোমা নিয়ে হামলা করা হয়। এমতাবস্থায় ছাত্র সংগ্রাম পরিষদ লাগাতার ছাত্র ধর্মঘট ডাকতে বাধ্য হয়। ছাত্রলীগ সভাপতি বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের হাজার হাজার শিক্ষার্থীর শিক্ষাজীবনের কথা বিবেচনা করে এবং আগামী সেশনের জর্তি পরীক্ষা অনুষ্ঠানের মাধ্যমে ক্যাম্পাস সচল করার বার্থে লাগাতার ছাত্র ধর্মঘট স্থগিত করা হয়েছে। তিনি ছাত্র সংগ্রাম পরিষদের উপর হামলা এবং ১১ দফা দাবী বাস্তবায়নের জন্য কর্তৃপক্ষের প্রতি আহবান জানান। জরুরী অবস্থার মধ্যে ছাত্র সংগ্রাম পরিষদের সংবাদ সম্মেলনকে কেন্দ্র করে

ক্যাম্পাসে মিশ্র প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছে। বিশেষ করে ছাত্রদের নেতাদের মধ্যে এজন্য চাপা ক্ষেত্র লক্ষ্য করা গেছে। তারা বলেছেন, জরুরী অবস্থার কারণে স্বাভাবিক কারণেই ধর্মঘট নেই। এজন্য সংবাদ সম্মেলনের প্রয়োজনটা কি। তাছাড়া জরুরী অবস্থায় রাজনৈতিক কার্যক্রম বন্ধ থাকলেও সংবাদ সম্মেলন করে ছাত্রলীগ আইন মতন করেছে। পরে এ নিয়ে নিরাপত্তা কর্মীদের সঙ্গেও কথা বলতে দেখা গেছে ছাত্রদের নেতাদের। বিশ্ববিদ্যালয়ে ক্লাস শুরুর দ্বিতীয় দিনে গতকাল প্রায় প্রতিটি বিভাগে ক্লাস হয়েছে। বাস চালু হওয়ায় গতকাল বাইরের শিক্ষার্থীদের সরব পদচারণা লক্ষ্য করা গেছে ক্যাম্পাসে। দীর্ঘদিনের জমিয়ে রাখার কথা ফুলঝুড়ি ফুটেছে গতকালের আড্ডায়। বিশ্ববিদ্যালয়ের মলচত্বর, শেফা ক্যাম্পাস, বটতলা, অপরাঙ্কের বাগা, আমতলা, অলস চত্বর, হাকিম চত্বরে, লাইব্রেরি চত্বর দিনভর আড্ডা দিতে দেখা গেছে শিক্ষার্থীদের।